

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

হাইড্রোকার্বন ইউনিট ১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা। www.hcu.org.bd

বিষয়ঃ হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা সংক্রান্ত ইনোভেশন টিমের ৫ম সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ জাকির হোসেন পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার, ইনোভেশন টিম
সভার তারিখ	১৭-০৬-২০২১ ইং
সভার সময়	বৃহস্পতিবার, বিকাল ৩:০০ ঘটিকা
স্থান	হাইড্রোকার্বন ইউনিট, মিনিকনফারেন্স রুম। ক) জনাব, মেহেদী হাসান (পরিকল্পনা ও পিএসসি) ও সদস্য-সচিব, ইনোভেশন টিম। খ) জনাব, শিহাব মাহমুদ, সহকারি পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন) ও সদস্য, ইনোভেশন উপস্থিতি টিম। গ) জনাব মোঃ নাজমুল হক, সহকারি পরিচালক (পরিকল্পনা) ও সদস্য, ইনোভেশন টিম।

২.০। আলোচনাঃ

২.১। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতি ক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মেহেদী হাসান, উপ পরিচালক (পরিকল্পনা ও পিএসসি) সভার শুরুতে আলোচ্যসূচি অনুযায়ী বার্ষিক উদ্ভাবনী কার্যক্রম বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেন। সভায় উল্লেখ করা হয় যে, ইনোভেশন টিমের ৪টি সভা ইতোমধ্যে অনুষ্ঠিত হয়েছে। সিডিউল অনুযায়ী ৬ষ্ঠ সভাটি আগামী ২৯ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত হবে এবং হাইড্রোকার্বন ইউনিটের উদ্ভাবনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ (দুই) দিনের প্রশিক্ষণ, সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ২ (দুই) দিনের প্রশিক্ষণ এবং উদ্ভাবন ও সেবা সহজিকরণের উপর একদিনের কর্মশালা/সেমিনার যথাসময়ে অনুষ্ঠিত হয়েছে।

২.২। সভাপতি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং হিসাবে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অন্তর্ভুক্তিকালীন ইএমআরডি ম্যানেজম্যান্টের ড্যাসবোর্ড তৈরি করা হয়েছে তা জাতীয় পর্যায়ে বাস্তবায়নের অফিস আদেশ জারি করা, ডিজিটাল সেবা হিসাবে জ্বালানি ও খনিজ সম্পদ ও তার আওতাধীন সকল দপ্তর/ সংস্থা/ কোম্পানি সমূহের আইন, বিধি ও নীতিমালার সংকলনের ই-বুক তৈরি করা হয়েছে এবং তা ব্যবহার করার জন্য অফিস আদেশ জারি করা, সেবা পদ্ধতি সহজিকরণ এবং সারাদেশে সম্প্রসারণ/ রেল্লিকেশন অংশ হিসাবে হাইড্রোকার্বন ইউনিটের গ্রন্থাগার হতে জ্বালানি সংক্রান্ত যেকোনো তথ্য ও কারিগরি প্রতিবেদন প্রাপ্তি সেবাটি সহজিকরণ সেবা হিসেবে তার চূড়ান্ত অফিস আদেশ জারি করা, সেবা সহজিকরণের ডকুমেন্টেশন তৈরি করা, বাস্তবায়নের উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন তৈরি করা এবং বার্ষিক উদ্ভাবনী কর্মপরিকল্পনার বার্ষিক স্ব- মূল্যায়ন প্রতিবেদন নিদিষ্ট সময়ের মধ্যে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের


বিষয়ে আলোচনা ও নির্দেশনা প্রদান করেন। পরিশেষে, সভাপতি উদ্ভাবনী কর্মপরিকল্পনা বাস্তবায়নের নির্দেশনা সমূহ যথাযথ অনুসরণের উপর গুরুত্বারোপ করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩.০। সিদ্ধান্তঃ

ক) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অন্তর্বর্তীকালীন ইএমআরডি ম্যানেজম্যান্টের ড্যাসবোর্ডটি জাতীয় পর্যায়ে বাস্তবায়নের অফিস আদেশ জারিকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

খ) সেবা পদ্ধতি সহজিকরণ এবং সারাদেশে সম্প্রসারণ/ রেল্লিকেশন অংশ হিসাবে হাইড্রোকার্বন ইউনিটের গ্রন্থাগার হতে জ্বালানি সংক্রান্ত যেকোনো তথ্য ও কারিগরি প্রতিবেদন প্রাপ্তি সেবাটি সহজিকরণ সেবা হিসেবে চূড়ান্ত অফিস আদেশ জারিকরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

৪.০। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন
ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার,
ইনোভেশন টিম।

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.৩১.০০৫.১৮.১৩২

তারিখ: ১৭ আষাঢ় ১৪২৮/০১ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট
- ২) সিস্টেম এনালিষ্ট, আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
- ৩) অফিস কপি।



মোঃ জাকির হোসেন
পরিচালক (উপসচিব), হাইড্রোকার্বন
ইউনিট ও চিফ ইনোভেশন অফিসার,
ইনোভেশন টিম।